

ভূমিকম্প ও অন্যান্য দুর্যোগকালে অনুসন্ধান, উদ্ধার অভিযান পরিচালনা
এবং জরুরী যোগাযোগের জন্য যন্ত্রপাতি সংগ্রহ প্রকল্প (৩য় পর্যায়)

উদ্যোগী মন্ত্রণালয়	: দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাস্তবায়নকারী সংস্থা	: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
একনেক সভায়	: ০৫ জানুয়ারি ২০২১ খ্রি.
অনুমোদনের তারিখ	: জিওবি
অর্থের উৎস	: ১৮৫১.৩০৭৯ কোটি টাকা (রাজস্ব ব্যয় ২০.৫৮৪০ কোটি এবং মূলধন ব্যয় ১৭১৮.৯৮৯৬ কোটি টাকা)।
মোট প্রাক্কলিত ব্যয়	: নভেম্বর, ২০২০ হতে জুন, ২০২৭ সাল পর্যন্ত (২য় সংশোধিত)।
প্রকল্প মেয়াদ	: প্রকল্পের আওতায় অগ্নিনির্বাপক সরঞ্জামাদি, তাবু ও অন্যান্য সরঞ্জামাদি, এয়ার বোট, স্পীড বোট, ইমারজেন্সি রেসপন্স ভেহিক্যাল, সার্চ এন্ড রেসকিউ ইকুইপমেন্ট, টেলিযোগাযোগ সরঞ্জামাদি ক্রয় করা হবে। সংগৃহীতব্য/ক্রয়তব্য যন্ত্রপাতি/ সরঞ্জামাদি ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, আর্মড ফোর্সেস ডিভিশন, বাংলাদেশ নৌ বাহিনী, বাংলাদেশ কোস্ট গার্ড, ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি), বাংলাদেশ পুলিশ, বাংলাদেশ র‍্যাব, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, বাংলাদেশ রেড ক্রিসেন্ট ও বর্ডার গার্ড বাংলাদেশ'র মধ্যে উদ্ধার কাজে ব্যবহারের জন্য বিতরণ করা হবে।

উদ্দেশ্য:

দুর্যোগকালীন উদ্ভূত পরিস্থিতিতে জরুরী সাড়া প্রদানের এর লক্ষ্যে অনুসন্ধান ও উদ্ধার অভিযান পরিচালনার জন্য পেশাগত দক্ষতা ও প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির পাশাপাশি একটি উন্নতপ্রযুক্তি সম্পন্ন ও সমন্বিত জরুরী সাড়া প্রদান পদ্ধতি প্রতিষ্ঠার মাধ্যমে দেশের সম্পদহানি হ্রাস এবং জনগণের জীবন ও সম্পদ রক্ষা করা।

লক্ষ্যমাত্রা:

- যে কোন দুর্যোগ পরিস্থিতিতে জরুরী সাড়া প্রদানের লক্ষ্যে অনুসন্ধান ও উদ্ধার অভিযান পরিচালনার জন্য প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি করা;
- দুর্যোগকালে ও দুর্যোগের পরে দ্রুত সাড়া প্রদান এবং উদ্ধার অভিযান পরিচালনায় হালকা ও ভারি যন্ত্রপাতি ব্যবহারের মাধ্যমে পেশাগত দক্ষতা বৃদ্ধি করা;
- দেশের যে কোন দুর্যোগ কবলিত এলাকায় স্বল্প সময়ে অফিস ও যোগাযোগ নেটওয়ার্ক গড়ে তোলা, যা National Emergency Operation Center (NEOC) এর সম্পূর্ণক হিসেবে কাজ করবে এবং দেশের দুর্যোগ ও ত্রাণ ব্যবস্থাপনা কার্যক্রমের যোগাযোগ ক্ষেত্রে নতুন মাত্রা যোগ করা;
- দুর্যোগকালীন উদ্ভূত পরিস্থিতিতে দ্রুত এবং কার্যকর সমন্বয়ের মাধ্যমে ত্রাণ উদ্ধার ও পুনর্বাসন কাজ এ নিয়োজিত গুরুত্বপূর্ণ সংস্থা/ব্যক্তিদের যোগাযোগের আওতায় নিয়ে আসা;
- দুর্যোগকালীন সময়ে যোগাযোগ অবকাঠামো ভেঙ্গে পরলে অথবা যোগাযোগ নেটওয়ার্কের আওতাধীন নয় এমন প্রত্যন্ত অঞ্চলে ত্রাণ ও উদ্ধারকাজে নিয়োজিত সকল অংশীদারী সংস্থাকে টেলিযোগাযোগ সুবিধা প্রদান করা;
- দুর্যোগ ব্যবস্থাপনায় নিয়োজিত মনিটরিং সেল, উদ্ধারকারী বিভিন্ন দলসহ সকল স্তরের দায়িত্বপ্রাপ্ত সংস্থা এবং ব্যক্তিদেরকে ভয়েস, ডাটা এবং ভিডিও সেবার নিমিত্তে আধুনিক প্রযুক্তি সম্মিলিত উচ্চগতির ব্রডব্যান্ড ইন্টারনেট সেবা প্রদান করা;
- দুর্যোগপূর্ণ/দুর্গত এলাকার সাধারণ জনগণের মাঝে সীমিত পরিসরে জরুরী টেলিযোগাযোগ এসএমএস সেবা প্রদান করা;
- বাংলাদেশ স্যাটেলাইট ব্যবহার করে দুর্যোগ কবলিত এলাকায় নিজস্ব যোগাযোগ সেবা/সার্ভিস সম্প্রসারণ করা।

প্রকল্পের আওতায় সংগৃহীতব্য প্রধান প্রধান যন্ত্রপাতি/সরঞ্জামসমূহ:

যন্ত্রপাতি/সরঞ্জামাদির ধরণ	পরিমাণ	সুবিধাভোগী সংস্থা
জলযান (স্পীডবোট, ইঞ্জিন বোট, এয়ার বোট)	১০৫টি	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
অগ্নি নির্বাপক সরঞ্জাম	৪৫০টি	ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
বৈদ্যুতিক সরঞ্জাম (সার্চ এন্ড রেসকিউ)	৭,৩১৪টি	সশস্ত্র বাহিনী বিভাগ (এএফডি)
	১৪৭টি	বাংলাদেশ পুলিশ
	১০,১৪৬টি	র‍্যাপিড অ্যাকশান ব্যাটেলিয়ন (র‍্যাব)
তাবু ও অন্যান্য যন্ত্রপাতি (রেসকিউ আইটেম)	৩,৩৫,৬০৬টি	ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)
	২২,৭৪৮টি	বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি
	৩২,০০০টি	দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
টেলিযোগাযোগ সরঞ্জাম	১,৪৪০টি	ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)
	১১,৭০২টি	সশস্ত্র বাহিনী বিভাগ (এএফডি)

প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় এবং বাস্তবায়ন অগ্রগতি

(লক্ষ টাকায়)

প্রকল্পের শুরু হতে আর্থিক অগ্রগতি বিবরণ							
ক্রম	প্রকল্প ব্যয়	অর্থবছর	এডিপি/আরএডিপি বরাদ্দ (জিওবি)	ব্যয়	ব্যয়ের অগ্রগতি	ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি	ক্রমপুঞ্জিত অগ্রগতির হার
১	মোট জিওবি: ১৮৫১৩০.৭৯ প্রকল্প সাহায্য: নাই।	২০২০-২১	৪২.০০	২৩.৪৯১	৫৬%	২৩.৪৯১	০.০১%
২		২০২১-২২	৬১৯৭.৫০	২৪৯১.৮৪	৪০%	২৫১৫.৩২৭	১.৩৬%
৩		২০২২-২৩	১৬৯.৬৯	১২০.২৭	৭১%	২৬৩৫.৫৯৩	১.৪২%
৪		২০২৩-২৪	২৪৯৯৮.৭৫	২১৯৪৩.০৮	৮৮%	২৪৫৭৮.৬৭০	১৩.২৮%
৫		২০২৪-২৫	৩০২৫.০০	১২৩.৩০	৪.০৮%	২৪৭০১.৯৬৯	১৩.৩৪%

প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি:


- প্রকল্পের আওতায় ০২টি প্যাকেজে ১১টি এরিয়াল প্ল্যাটফর্ম ল্যাডার [৬৪ মিটারের ০২ (দুই) টি, ৫৪ মিটারের ০৪ (চার) টি এবং ৩৮ মিটারের ০৫ (পাঁচ) টি] ক্রয়পূর্বক ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর হস্তান্তর করা হয়েছে।
- ০২টি প্যাকেজের আওতায় ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)'কে মোট ১৩ ধরনের রেসকিউ আইটেম (Vest, Gum Boot, Primary Treatment Bag, Resque Bag, Rain Coat, Hard Hat, Torch Light, Flag Mast, Flag, Life Jacket, Mega Phone, Siren and Radio) ক্রয়পূর্বক হস্তান্তর করা হয়েছে।
- প্রকল্পে আওতায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জন্য নির্ধারিত ক্রয়কার্য অর্পিত ক্রয়কার্য হিসেবে সম্পন্নের নিমিত্ত সমঝোতা স্মারকের আলোকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর ইজিপিতে উন্মুক্তদরপত্র পদ্ধতিতে অগ্নিনির্বাপক যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- প্রকল্পের আওতায় সশস্ত্র বাহিনী বিভাগ (এএফডি)'কে প্রদানের জন্য উদ্ধার যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।
- ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)'কে সরবরাহের জন্য ০১টি প্যাকেজ ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের জন্য ০১টি প্যাকেজ এর মাধ্যমে রেসকিউ আইটেম ক্রয়ের লক্ষ্যে দরপত্র মূল্যায়ন পূর্বক ই-জিপিতে মন্ত্রণালয়ের অনুমোদনের জন্য প্রেরণ করা হয়েছে।

১০

প্রকল্প বাস্তবায়নের স্থিরচিত্র:




প্রকল্পের আওতায় ক্রয়কৃত ১১টি এরিয়াল প্ল্যাটফর্ম ল্যাডার দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব ফারুক ই আজম, বীর প্রতীক ও সচিব জনাব মোঃ কামরুল হাসান এনডিসি এর মাধ্যমে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে হস্তান্তর।



দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব ফারুক ই আজম, বীর প্রতীক মহোদয় প্রকল্পের আওতায় ক্রয়কৃত এরিয়াল প্ল্যাটফর্ম ল্যাডার সমূহ পর্যবেক্ষণ করছেন।

৫২





প্রকল্পের আওতায় সংগ্রহকৃত রেসকিউ আইটেম সমূহ ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)-এর পরিচালকের কাছে হস্তান্তর।



দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব জনাব মো: কামরুল হাসান, এনডিসির সভাপতিতে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর মধ্যে অর্পিত ক্রয়কার্যের সমঝোতা স্মারক স্বাক্ষর অনুষ্ঠান।

AV



প্রকল্পের আওতায় সরবরাহকৃত ইকুইপমেন্টসমূহ ঘূর্ণিঝড় প্রস্তুতি কর্মসূচি (সিপিপি)-এর আওতাভুক্ত উপকূলীয় ৪৫টি উপজেলার স্বেচ্ছাসেবকবৃন্দ বিভিন্ন দুর্যোগের সময় উদ্ধার অভিযান, জরুরি যোগাযোগ, সতর্কীকরণসহ সচেতনতামূলক কর্মকাণ্ডে ইকুইপমেন্ট সমূহের ব্যবহার।

১৫